গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০২০.০১.০৮৮.১৭.১৪৯

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ।
১৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি:

## প্রজ্ঞাপন

যেহেতু, মিজ্ কাজী নূরে সোহেলা (সাময়িক বরখাস্তকৃত), কর পরিদর্শক, সার্কেল-১০, কর অঞ্চল-গাজীপুর (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, কর অঞ্চল, গাজীপুর) তাঁর আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০৫.০০১.২০.৯৯, তারিখঃ ৩০/০৫/২০২৪ খ্রিঃ মোতাবেক নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৩(১)(২)(বি) বিধি মোতাবেক ৩০/০৫/২০২৪ খ্রিঃ হতে ২৮/০৬/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০(ত্রিশ) দিন আপনার স্বামীর অসুস্থতাজনিত পরিচর্যা ও সাক্ষাৎ এর জন্য বহিঃবাংলাদেশ (যুক্তরাষ্ট্র) ছুটি মঞ্জুর করা হয়। এরই প্রেক্ষিতে তিনি বিগত ০৯/০৭/২০২৪ খ্রিঃ যুক্তরাষ্ট্র গমন করেন;

২। যেহেতু, বহিঃ বাংলাদেশ (যুক্তরাষ্ট্র) ছুটি ভোগ শেষে ০৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখ বর্তমান কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও তিনি ছুটি শেষ হয়ে যাওয়ায় যুক্তরাষ্ট্রে অবস্থান করেই বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডি.সি এর মিনিস্টার (কনস্যুলার) এর মাধ্যমে ০১/০৮/২০২৪ খ্রিঃ হতে ২৮/০২/২০২৫ খ্রিঃ পর্যন্ত ০৬ (ছয়) মাস বিনা বেতনে বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের জন্য আবেদনপত্র প্রেরণ করেন। তাঁর বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের আবেদনটি জাতীয় রাজস্ব বোর্ডের ২৩ অক্টোবর, ২০২৪ খ্রি. তারিখের ০৮.০১.০০০০.০২০.০৫.০০১.২০.১৭৭ স্মারকমূলে না মঞ্জুর করা হয় এবং ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কর্মস্থলে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

৩। যেহেতু, তিনি বিগত ০৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অর্থাৎ ১৪ (চৌদ্দ) মাস বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অনুমতিসহ ছুটিতে থাকার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার কোন বিধান নেই;

৪। যেহেতু, উপরোক্ত অভিযোগ পত্রের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০২০.১০.০০১৪.২৫.১২৯; তারিখ: ২০/০৫/২০২৫ খ্রি. তারিখের মাধ্যমে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০২০.১০.০০১৪.২৫.২২৩; তারিখ: ১৪/০৯/২০২৫ খ্রি. মোতাকে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০২০.১০.০০১৪.২৫.২৫২ ও ২৫৪; তারিখ: ১৫, ১৬ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখের মাধ্যমে আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বিপরীতে কোন জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে কোন শুনানীও প্রদান করেননি;

৫। যেহেতু, বর্ণিতাবস্থার প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০২০.১০.০০১৪.২৫.৪; তারিখ: ০৭/০১/২০২৬ খ্রি. তারিখের মাধ্যমে অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-গাজীপুর-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়। তদন্তকারী কর্মকর্তা স্মারক নং-কারণ দর্শানো/রেঞ্জ-১/কঃঅঃ-গাজী/২০২৫-২০২৬/৩২৯, তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি. তারিখের মাধ্যমে তদন্ত প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ পরিপালন না করে এবং বিনা অনুমতিতে একাধারে ৬০ (ষাট) দিনের বেশি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণ ও ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন;

৬। যেহেতু তিনি বিনা অনুমতিতে ৬০ (ষাট) দিন বা ততোধিককাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, সেহেতু তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "ডিজারশন" এর দায়ে অভিযুক্ত করে কেন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(১)(গ) মোতাবেক সরকারি চাকরি থেকে অপসারণ করা হবে না এ বিষয়ে দ্বিতীয়বার কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে তিনি সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হন;

CamScanner

৭। যেহেতু, তাঁর বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হলে কমিশন ''চাকরি হতে অপসারণ' দন্ড প্রদানের সিদ্ধান্তে সাথে একমত পোষণ করে;

৮। সেহেতু, মিজ্ কাজী নূরে সোহেলা (সাময়িক বরখাস্তকৃত), কর পরিদর্শক, সার্কেল-১০, কর অঞ্চল-গাজীপুর (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, কর অঞ্চল, গাজিপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) মোতাবেক গুরুদন্ড হিসেবে তাঁকে পলায়নের তারিখ অর্থাৎ ০৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখ হতে ''চাকরি হতে অপসারণ (Removal from Service)" গুরুদন্ড প্রদান করা হলো।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩.০৯.২০২৬

(আহসান হাবিব)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০২০.০১.০৮৮.১৭

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ।
১৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/কর নীতি/কর আপীল ও অব্যাহতি/কর জরীপ ও পরিদর্শন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/কর অডিট/ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/কর তথ্য ব্যবস্থাপনা সেবা/ 'ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্সসেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএসকর একাডমী, ঢাকা/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/উৎসে কর ব্যবস্থ্পনা ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
০৫। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল/আন্তর্জাতিক কর ইউনিট, বাংলাদেশ, ঢাকা।
০৬। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/নোয়াখালী/দিনাজপুর/ফরিদপুর/নরসিংদী/পাবনা।
০৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
০৮। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪/৫/৬, ঢাকা/খুলনা/চট্টগ্রাম-১/২/রাজশাহী/রংপুর।
০৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক........................../ জেলা হিসাবরক্ষণ অফিসার, ..............................
১৩। দ্বিতীয় সচিব (কর-১/৬/৭), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (পিডিএস এ সংযোজনের জন্য)।
১৪। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১/৩/৫)/হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫। জনাব মিজ্ কাজী নূরে সোহেলা (সাময়িক বরখাস্তকৃত), কর পরিদর্শক, সার্কেল-১০, কর অঞ্চল-গাজীপুর (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, কর অঞ্চল, গাজিপুর।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

২৩.০৯.২০২৬

(আহসান হাবিব)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

CamScanner